গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা
www.mopa.gov.bd

**নম্বর:** ০৫.০০.০০০০.০০০.২০১.২৫.০০০১.২৩.৫৮

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

**বিষয়: জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমিতে অনুষ্ঠেয় 8th Sustainable Development and Project Management (SDPM) শীর্ষক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমিতে অনুষ্ঠেয় 8th Sustainable Development and Project Management (SDPM) প্রশিক্ষণ কোর্স আগামী ০৫ এপ্রিল ২০২৬ হতে ২৩ মে ২০২৬ তারিখ পর্যন্ত ০৭ সপ্তাহ মেয়াদে অনুষ্ঠিত হবে। উন্নয়ন কর্মকান্ড ও প্রকল্পের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অগ্রাধিকার ভিত্তিতে মনোনয়ন প্রদান করা হবে।

০২। বর্ণিত প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে তাঁর নিয়ন্ত্রণাধীন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তর/সংস্থা ও মাঠ প্রশাসনের (বিভাগ ও জেলা) কর্মরত উপসচিব/সিনিয়র সহকারী সচিব পদের কর্মকর্তাগণের তথ্য নিম্নোক্ত ছক অনুযায়ী ২৯ মার্চ, ২০২৬ তারিখের মধ্যে ই-মেইলে (it2@mopa.gov.bd) মনোনয়ন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**ছক**

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | পদবি | কর্মস্থল | মোবাইল ফোন নম্বর | ব্যাচ |
|---|---|---|---|---|---|
| | | | | | |

০৩। কোর্সটি আবাসিক/ অনাবাসিক।

০৯-০৩-২০২৬
তারেক মোহাম্মদ জাকারিয়া
উপসচিব
ফোন : ২২৩৩৮৯২৩৪
ইমেইল : it2@mopa.gov.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। রেক্টর (সচিব), রেক্টর এর দপ্তর, জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি (নাডা)।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৪। অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৫। বিভাগীয় কমিশনার (সকল) ..... বিভাগ।
৬। জেলা প্রশাসক (সকল) ..... জেলা।
৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);।
৯। ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
১০। অফিস/মাস্টার, কপি।